গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা,
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
ভালুকা কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল

এবং

উপ পরিচালক
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
ময়মনসিংহ অঞ্চল
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪- জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | |
| প্রস্তাবনা | |
| সেকশন- ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | |
| সেকশন- ২: বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব | |
| সেকশন- ৩: কর্মসম্পাদনপরিকল্পনা | |
| সংযোজনী- ১: শব্দসংক্ষেপ | |
| সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | |
| সংযোজনী- ৩:অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | |

# পিডিবিএফ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of PDBF)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

রুপকল্প ২০২১ ও রুপকল্প ২০৪১-এর পরিপূর্ণ রুপায়ণের লক্ষ্যে পল্লী এলাকায় ঋণের সুষম প্রবাহ নিশ্চিতকরণে একটি অমুনাফামুখী স্ব-শাসিত সংস্থা হিসেবে প্রতিষ্ঠানটি অব্যাহতভাবে দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠানটি প্রান্তিক জনগোষ্ঠিকে অনানুষ্ঠানিক দল ও ব্যক্তি গ্রাহক পর্যায়ে পরিসেবা প্রসারণের মাধ্যমে সংগঠিত করে সৃজনশীল উদ্যোগে সম্পৃক্ত করছে। আয়-উৎসারি, বৃত্তিমূলক ও সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান এবং ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ ও নারী উদ্যোক্তা ঋণ প্রদানের মাধ্যমে এ প্রতিষ্ঠান অন্তর্ভূক্তিমূলক ঋণ সুবিধা প্রদান করছে।
ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে পিডিবিএফ গ্রামীণ দরিদ্র্য ও অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীকে আর্থিকভাবে স্বয়ম্ভর, উৎপাদনমূখী কার্যক্রমে অংশগ্রহণ, কর্মসংস্থান সৃষ্টির জন্য ভালুকা উপজেলায় কার্যালয়ের মাধ্যমে বিগত ০৩ বছরে ৮৭৩ জন সুফলভোগী সদস্যকে অন্তর্ভূক্ত করা হয়েছে এবং ঋণ বিতরণ করা হয়েছে ২৬ কোটি ১৬ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৯৭%। গত ০৩ বছরে সুফলভোগী সদস্যদের নীট সঞ্চয় জমার পরিমান ১২ লক্ষ টাকা। বিগত ০৩ বছরে প্রায় ১৩২৫ জন গ্রামীণ জনগোষ্ঠীর বিভিন্ন আয় উৎসারি কর্মকান্ড যেমন-গাভী পালন, মৎস্য চাষ, হস্ত শিল্প, কুটির শিল্প, শাকসবজি চাষ, নার্সারী, মুরগী পালন ইত্যাদির মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। পিডিবিএফ সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ও সুফলভোগী সদস্যদের সম্পদ সৃজনে সহায়তার মাধ্যমে জাতীয় উৎপাদন বৃদ্ধিতে একটি উল্লেখযোগ্য অবদান রাখছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

পিডিবিএফ ভালুকা উপজেলাধীন বর্তমানে কয়েকটি ইউনিয়নে কার্যক্রম বাস্তবায়ন করছে। এ অঞ্চলের অনেক এলাকা এখনও পিডিবিএফ এর দারিদ্র্য মুক্তি কার্যক্রমের আওতার বাইরে রয়েছে। জেলার সকল উপজেলা ও পর্যায়ক্রমে সকল গ্রামে পিডিবিএফ এর কার্যক্রম সম্প্রসারণ করা প্রয়োজন।এ পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জনবল ও মূলধন তহবিলের ঘাটতি রয়েছে। পিডিবিএফ নিজস্ব আয় দ্বারাই প্রয়োজনীয় পরিচালন ব্যয় ও আর্থিক ব্যয় নির্বাহ করে থাকে। সুফলভোগী সদস্য/উদ্যোক্তাদের বিভিন্ন আয় উৎসারি কর্মকান্ড সম্প্রসারণের জন্য আর্থিক সহায়তা প্রদান ও তাদের সম্পদ সৃজনের লক্ষ্যে সরকার থেকে প্রয়োজনীয় মূলধন তহবিল(Seed Capital) সহায়তা প্রয়োজন।
প্রধান কার্যালয়সহ বিভিন্ন আঞ্চলিক কার্যালয় ও উপজেলা কার্যালয়ের নিজস্ব কোন ভবন নেই। প্রধান কার্যালয়ের জন্য সরকারী জমি বরাদ্দসহ নিজস্ব ভবন নির্মাণ এবং আঞ্চলিক কার্যালয় ও উপজেলা পর্যায়ে জমি বরাদ্দ ও অফিস ভবন নির্মাণ, আবাসিক সুবিধা সম্বলিত প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা প্রয়োজন।

**ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নের নিমিত্ত সমগ্র বাংলাদেশে সকল উপজেলায় পিডিবিএফ এর কার্যক্রম সম্প্রসারণ, সুফলভোগীসদস্য/উদ্যোক্তাদের বিভিন্ন আয় উৎসারি কর্মকান্ড সম্প্রসারণের জন্য আর্থিক সহায়তা প্রদান। কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগের ব্যবস্থাগ্রহণ,সরকারী উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ঋণ তহবিল সংগ্রহ, পিডিবিএফ প্রধান কার্যালয় এবং আঞ্চলিক ও উপজেলা কার্যালয়ের জন্য সরকারী জায়গায় জমি বরাদ্দ ও ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। পিডিবিএফ এর সুবিধাভোগী সদস্যদেরকে উদ্বুদ্ধকরণ ওবিভিন্ন আয় উৎসারি কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।

**২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ০২ টি সমিতি গঠন করা হবে;
- ৫ কোটি ৮৪ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হবে;
- ৫০ জনকে আয়বৃদ্ধিমূলক ও উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- ৩৫২ জন মহিলা সদস্যকে আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত করা হবে;
- সুফলভোগীদের ব্যক্তি সঞ্চয়ের নীট পরিমান হবে ১৫ লক্ষ টাকা।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধমে রুপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে –

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ভালুকা উপজেলা কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল-এর উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ময়মনসিংহ অঞ্চল এর উপ পরিচালক-এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২৭-০৬-২০২৪ তারিখে এই বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো ।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন -১

## পিডিবিএফ এর রূপকল্প,অভিলক্ষ্য,কর্মসম্পাদনেরক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প** (Vision):

পল্লীর দরিদ্র ও অসুবিধাগ্রস্থ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং নারী-পুরুষ সমতার বিকাশের লক্ষ্যে আর্থিক পরিসেবা প্রসারণ।

**১.২ অভিলক্ষ্য** ( Mission):

পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে দরিদ্র ও সুবিধা বঞ্চিত গ্রামীণ নারী-পুরুষদেরকে সংগঠিত করে নিয়মিত সঞ্চয় সংগ্রহের মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন, ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে অর্থনৈতিক অবস্থার উন্নয়ন, সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণ, আয় উৎসারি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন, স্ব-কর্মসংস্থান সৃষ্টি এবং নারী-পুরুষের সমতায়ন, সক্ষমতা বৃদ্ধি ও নব সম্পদ সৃজন।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:**

১. পল্লীর সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির সদস্যদের সংহতি দলে অন্তর্ভূক্তি ও সমিতি সৃজন;
২. সুফলভোগীদের সঞ্চয় আহরণ ও সঞ্চয়ের পরিবৃদ্ধির মাধ্যমে পুঁজি গঠন ও নব সম্পদ সৃজন;
৩. সুফলভোগী সদস্যদের আর্থিক অন্তর্ভূক্তির লক্ষ্যে ঋণ সহায়তা প্রদান;
৪. দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান এবং আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি।

**সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র:**

১. সুশাসন ও সংস্কারমূলক কাযক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪প্রধান কার্যাবলি**

১. দারিদ্রের মানচিত্র (Poverty Mapping) ও দারিদ্র্য নিরুপন (Poverty Tracking) –এর মাধ্যমে সুফলভোগী নির্বাচন ও অন্তর্ভূক্তি;
২. সংহতি দল/সমিতি গঠনের মাধ্যমে সামাজিক বিনির্মাণ;
৩. সঞ্চয়ের পরিবৃদ্ধির মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন ও নব সম্পদ সৃজনের ক্ষেত্র রচনা;
৪. সদস্যদের ঋণ সহায়তা প্রদান ও বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি;
৫. পল্লী উন্নয়নে সংশ্লিষ্ট কর্মকর্তা, জন প্রতিনিধিদের/অংশীজনের প্রশিক্ষণ;
৬. পল্লী উন্নয়ন কার্যক্রমের উপর প্রধান কার্যালয় ও অঞ্চল পর্যায়ে সেমিনার ও কর্মশালা;
৭. কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন;
৮. সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রম বাস্তবায়ন ও আত্ম-কর্মসংস্থান;
৯. সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের তথ্যাদি ডাটাবেজ এ সন্নিবেশিতকরণ এবং হালনাগাদকরণ।

## সেকশন - ০২

### পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/ প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ (সম্ভাব্য) | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| পল্লীর সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির সদস্যদের সংহতি দলে অন্তর্ভূক্তির মাধ্যমে সুফলভোগীর সংখ্যা বৃদ্ধি | সদস্য অন্তর্ভুক্তকরণ (ক্রমপুঞ্জিত) (১.১.১) | জন (লক্ষ) | ১৩.৬৭ | ১৪.৭৫ | ১৫.৮৫ | ১৬.৩৫ | ১৬.৮৫ | পিডিবিএফ | ফাউন্ডেশনের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক লক্ষ্যমাত্রা অগ্রগতি প্রতিবেদন |
| আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে সুফলভোগী নিয়োজন | আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক মোট সদস্যের বিপরীতে আত্ম-কর্মসংস্থানের হার (৪.৪.১) | হার (লক্ষ) | ৮৫.৪৪% (১১.৬৮) | ৮৫.৫০% (১২.৬১) | ৮৫.৪৬% (১৩.৫৫) | ৮৫.৪৪% (১৩.৯৭) | ৮৫.৫২% (১৪.৪১) | পিডিবিএফ | ফাউন্ডেশনের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক লক্ষ্যমাত্রা অগ্রগতি প্রতিবেদন |
| আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে নিয়োজনের মাধ্যমে নারীর ক্ষমতায়ন | নারীর সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়নের হার (মোট সদস্যের বিপরীতে) (৪.৪.২) | হার (লক্ষ) | ৯৫.৯৭% (১৩.১২) | ৯৬.০০% (১৪.১৬) | ৯৬.০০% (১৪.১৬) | ৯৫.৯৬% (১৫.৬৯) | ৯৫.৯৬% (১৬.১৭) | পিডিবিএফ | ফাউন্ডেশনের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক লক্ষ্যমাত্রা অগ্রগতি প্রতিবেদন |
| দক্ষ মানব সম্পদ তৈরী | আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড ও সামাজিক উন্নয়নমূলক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারী সদস্য সংখ্যা (ক্রমপুঞ্জিত) (৪.১.১, ৪.১.২) | জন (লক্ষ) | ৫.৬৭ | ৫.৭৮ | ৫.৮৯ | ৫.৮৯৫ | ৫.৯০ | পিডিবিএফ | ফাউন্ডেশনের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক লক্ষ্যমাত্রা অগ্রগতি প্রতিবেদন |

- **সদস্য অন্তর্ভূক্তি:** দারিদ্রের মানচিত্র ও দারিদ্র নিরুপণের মাধ্যমেফাউন্ডেশনের ঋণ পরিচালন নীতিমালা অনুসারে অভীষ্ট জনগোষ্ঠির সদস্যদেরকে সমিতির সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা হয়। পিডিবিএফ-এর শুরু থেকে এ পর্যন্ত সমিতিতে অন্তর্ভূক্ত সুফলভোগী সদস্য সংখ্যা ক্রমপুঞ্জিতভাবে হিসেব করা হয়েছে;
- **আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক মোট সদস্যের বিপরীতে আত্ম-কর্মসংস্থানের হার:** পিডিবিএফ-এর মোট সদস্য সংখ্যার প্রায় ৯০% সদস্য ঋণ গ্রহণ করে থাকেন (অবশিষ্ট সদস্যগণ পিডিবিএফ-এর বিভিন্নমুখী সঞ্চয় পরিকল্পের সাথে সম্পৃক্ত)। ঋণ গ্রহণকারী সদস্যের প্রায় ৯৫% আত্ম-কর্মসংস্থান সৃজিত উপকারভোগী;
- **নারীর সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়নের হার:**পিডিবিএফ-এ অর্ন্তভূক্ত সুফলভোগী সদস্যের ৯৬% নারী সদস্য। নারী সদস্যগণ বহুমাত্রিক আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ গ্রহণ করেন এবং এ প্রতিষ্ঠান থেকে সহজশর্তে ঋণ সুবিধা গ্রহণের মাধ্যমে বিভিন্ন আয় উৎসারি কার্যক্রম বাস্তবায়ন করে থাকেন। পিডিবিএফ এর মোট সদস্যের ভিত্তিতে নারীর সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়নের হার নির্নয় করা হয়েছে;
- **প্রশিক্ষণ (ক্রমপুঞ্জিত):** পিডিবিএফ-এর শুরু থেকেই সুফলভোগীকে সদস্যগণকে বিভিন্ন ধরনের আয় উৎসারী কর্মকান্ড ও সামাজিক উন্নয়নমূলক উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা ক্রমপুঞ্জিত ভিত্তিতে হিসেব করা হয়েছে।

# সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ** (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী, সর্বোচ্চ ৫টি) | | | | | | | | | | | | | | | |
| [১] পল্লীর সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির সদস্যদের সংহতি দলে অন্তর্ভূক্তি ও সমিতি সৃজন; | ৮ | ১.১ দারিদ্রের মানচিত্র(Poverty Mapping) ও দারিদ্র্য নিরুপন (Poverty Tracking) -এর মাধ্যমেসুফলভোগী নির্বাচন ও অন্তর্ভূক্তি | ১.১.১সদস্য অন্তর্ভুক্তকরণ | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৪ | ২১৭ | ৪৩৫ | ৩৭০ | ৩৬৫ | - | - | - | ৩৭৫ | ৩৮০ |
| | | | ১.১.২ অনানুষ্ঠানিক সমিতির সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ০১ | ০২ | ০২ | ০১ | - | - | - | ০১ | ০২ |
| [২] সুফলভোগীদের সঞ্চয় আহরণ ও সঞ্চয়ের পরিবৃদ্ধির মাধ্যমে পুঁজি গঠন ও নব সম্পদ সৃজন | ৫ | ২.১ সঞ্চয়ের পরিবৃদ্ধির মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন ও নব সম্পদ সৃজনের ক্ষেত্র রচনা | ২.১.১ ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধন | সমষ্টি | টাকা (কোটি) | ৫ | ০.১১০ | -০.৬০৯ | ০.১৫০ | ০.১৩০ | - | - | - | ০.১৫৩০ | ০.১৫৫০ |
| [৩] সুফলভোগী সদস্যদের আর্থিক অন্তর্ভূক্তির লক্ষ্যে ঋণ সহায়তা প্রদান | ১৬ | ৩.১ সদস্যদের ঋণ সহায়তা প্রদান ও বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি | ৩.১.১ ঋণ বিতরণের পরিমাণ | সমষ্টি | টাকা (কোটি) | ৫ | ৮.৫৯ | ৯.৮৩ | ৫.৮৪ | ৫.৩০ | - | - | - | ৫.৯০ | ৫.৯৫ |
| | | | ৩.১.২ ঋণ আদায়ের পরিমাণ | সমষ্টি | টাকা (কোটি) | ৪ | ৯.৭২ | ১০.৯২ | ৫.৮৪ | ৫.৩০ | - | - | - | ৫.৯০ | ৫.৯৫ |
| | | | ৩.১.৩ বার্ষিক ঋণ আদায় হার (%) | গড় | (%) | ৩ | ৯৬ | ৯৫ | ৯৭ | ৯৬ | - | - | - | ৯৭ | ৯৭ |
| | | | ৩.১.৪ খেলাপী ঋণের পরিমাণ | ক্রমপুঞ্জি-ভূত | টাকা (কোটি) | ২ | ১.৮৪ | ২.২০ | ১.০৪ | ১.০৬ | - | - | - | ১.০২ | ১.০০ |
| | | | ৩.১.৫ ঋণ গ্রহীতার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৭৯১ | ৯৩৬ | ১০৭২ | ১০৫০ | | | | ১০৮০ | ১০৯০ |
| [৪] দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে সামাজিক উন্নয়ন, আয় উৎসারি কর্মকান্ডেপ্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থান সৃষ্টি | ৪১ | ৪.১ সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রমবাস্তবায়ন ও আত্ম-কর্মসংস্থান | ৪.১.১ আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ০ | ২৫ | ২৫ | ০ | | | | ২৫ | ২৫ |
| | | | ৪.১.২ উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর | সমষ্টি | সংখ্যা | ৬ | ০ | ২৫ | ২৫ | ০ | - | - | - | ২৫ | ২৫ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | সংখ্যা | | | | | | | | | | | | |
| | | ৪.২ পল্লী উন্নয়নে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও জন প্রতিনিধিদের প্রশিক্ষণ | ৪.২.১ স্থানীয় প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | ২৫ | ০ | - | - | - | ২৫ | ২৫ |
| | | | ৪.২.২ সেমিনার, কর্মশালা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ১ | - | - | - | - | ১ | ১ |
| | | ৪.৩ কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন | ৪.৩.১ সক্ষমতা উন্নয়নে লার্নিং সেশন | সমষ্টি | সংখ্যা | ৪ | - | - | - | - | - | - | - | - | - |
| | | | ৪.৩.২পল্লীর দারিদ্র বিমোচনে গুরুত্বর্পূণ ভুমকা রাখায় একজন শ্রেষ্ট পুরুষ মাঠ কর্মী /মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা | তারিখ | তারিখ | ২ | | ২৬.০৬.২৪ | ২৬.০৬.২৫ | | | | | | |
| | | | ৪.৩.৩পল্লীর দারিদ্র বিমোচনে গুরুত্বর্পূণ ভুমকা রাখায় একজন শ্রেষ্ট নারী মাঠ কর্মী /মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা | তারিখ | তারিখ | ২ | | ২৬.০৬.২৪ | ২৬.০৬.২৫ | | | | | | |
| | | ৪.৪ সামাজিক উন্নয়ন ও আয় উৎসারি কার্যক্রম বাস্তবায়ন, আত্ম-কর্মসংস্থান ও কাযক্রম ডিজিটাইজেশন | ৪.৪.১ আত্ম-কর্মসংস্থানের আওতায় সুফলভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮০৬ | ৭০০ | ৭৩১ | ৭২০ | | | | ৭৩৫ | ৭৪০ |
| | | | ৪.৪.২ আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে জড়িত গ্রামীণ মহিলাদের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২০৬ | ৩৮৩ | ৩৫২ | ৩৫০ | - | - | - | ৪০০ | ৪১০ |
| | | | ৪.৪.৩ আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে জড়িত গ্রামীণ পুরুষের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২০ | ৪০ | ৪০ | ৩৫ | - | - | - | ৩৫ | ৪০ |
| | | | ৪.৪.৪ পুরাতন সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের হিসাব ডাটা বেইজে | ক্রমপুঞ্জি-ভুত | (%) | ২ | - | ১০০ | ৪০ | ৩৫ | - | - | - | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | সন্নিবেশকৃত | | | | | | | | | | | | |
| | | | ৪.৪.৫ নতুন সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের হিসাব ডাটা বেইজে সন্নিবেশকৃত | ক্রমপুঞ্জি-ভুত | (%) | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | - | - | - | ১০০ | ১০০ |
| | | | ৪.৪.৬ টেকসই উন্নয়ন অভীষ্ঠ, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনার সাথে সম্পর্কিত নতুন প্রকলাপ প্রস্তাব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ২ | | | | | | | | | |
| **...সন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)** | | | | | | | | | | | | | | | |
| ...াসন ও সংস্কারমূলক ...র্যক্রমের বাস্তবায়ন ...রদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | - | - | - | - | - | - | - | - | - |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | - | - | - | - | - | - | - | - | - |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | - | - | - | - | - | - | - | - | - |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | - | - | - | - | - | - | - | - | - |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | - | - | - | - | - | - | - | - | - |

আমি, উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ভালুকা কার্যালয় এর প্রতিনিধি হিসেবে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ময়মনসিংহ অঞ্চল এর উপ পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপ পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ময়মনসিংহ অঞ্চল এর প্রতিনিধি হিসেবে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ভালুকা কার্যালয় এর উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার নিকট প্রতিশ্রুতি প্রদান করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

(মোঃ দেলোয়ার হোসেন)
উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
ভালুকা কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল ।

তারিখঃ 29.06.2024

(অরুন চন্দ্র চন্দ)
ভারপ্রাপ্ত উপ পরিচালক
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
ময়মনসিংহ অঞ্চল ।

তারিখঃ 29.06.24

## সংযোজনী-১শব্দ সংক্ষেপ

| ক্রঃ নং | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | পউসবি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ২ | পিডিবিএফ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| ৩ | বিআরডিবি | বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড |
| ৪ | আরডিএ | রুরাল ডেভেলপমেন্ট একাডেমী |
| ৫ | বার্ড | বাংলাদেশ একাডেমী ফর রুরাল ডেভেলপমেন্ট |
| ৬ | আইজিএ | ইনকাম জেনারেটিং এ্যাক্টিভিটিজ |
| ৭ | এসআইপি | স্মলইমপ্রুভমেন্ট প্রোজেক্ট |
| ৮ | বিআরডিটিআই | বাংলাদেশ রুরাল ডেভেলেপমেন্ট ট্রেনিং ইন্সটিটিউট |
| ৯ | এনআরডিটিসি | নোয়াখালী রুরাল ডেভেলেপমেন্ট ট্রেনিং সেন্টার |
| ১০ | ডব্লিউটিআই | উইমেন ট্রেনিং ইন্সটিটিউট |

## সংযোজনী- ২:

## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১ | ১.১ সমিতির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠিকে সংগঠিতকরণ | ১.১.১ সুফলভোগীর সংখ্যা<br>১.১.২ অনানুষ্ঠানিক সমিতির সংখ্যা | মাঠ পরিচালন বিভাগ<br>মাঠ পরিচালন বিভাগ | সুফলভোগী সদস্যের সংখ্যা সম্বলিত প্রতিবেদন ও সদস্যের তালিকার নমুনা ঋণ বিতরণের পরিমাণ, ঋণ আদায়ের পরিমাণ, বার্ষিক ঋণ আদায় হার (%), খেলাপী ঋণের পরিমাণ ও ঋণ গ্রহীতার সংখ্যা সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন |
| | ১.২ সদস্যদের বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি | ১.২.১ ঋণ বিতরণের পরিমাণ<br>১.২.২ ঋণ আদায়ের পরিমাণ<br>১.২.৩ বার্ষিক ঋণ আদায় হার (%)<br>১.২.৪ খেলাপী ঋণের পরিমাণ<br>১.২.৫ ঋণ গ্রহীতা | মাঠ পরিচালন বিভাগ<br>মাঠ পরিচালন বিভাগ | |
| | ১.৩ সমিতির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি | ১.৩.১ আত্ম-কর্মসংস্থানের আওতায় সুফলভোগীর সংখ্যা | | উল্লিখিত সূচকসমূহে বর্ণিত বিষয় সম্পর্কিত প্রতিবেদন |
| | ১.৪ গ্রামীণ জনগোষ্ঠির জন্য আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড | ১.৪.১ আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে জড়িত গ্রামীণ মহিলাদের সংখ্যা<br>১.৪.২ আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের সাথে জড়িত গ্রামীণ পুরুষের সংখ্যা | মাঠ পরিচালন বিভাগ<br>মাঠ পরিচালন বিভাগ | |
| | ১.৫ সমিতির সদস্যদের মূলধন গঠন | ১.৫.১ ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধন | মাঠ পরিচালন বিভাগ | সুফলভোগী সদস্যদের জমাকৃত ক্ষুদ্র সঞ্চয়সংক্রান্তপ্রতিবেদন, ট্রায়াল ব্যালান্স |
| ২ | ২.১ উদ্বুদ্ধকরণ এবং আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ প্রাপ্ত সমিতির সদস্য সংখ্যা | ২.১.১ আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর সংখ্যা<br>২.১.২ উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ গ্রহণকারী সুফলভোগীর সংখ্যা | মানব সম্পদউন্নয়ন শাখা<br>মানব সম্পদউন্নয়ন শাখা | আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণগ্রহণকারীর অঞ্চলভিত্তিক সংখ্যা, নমুনাভিত্তিক তালিকা, প্রশিক্ষণের হাজিরা ও ছবি<br>উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণগ্রহণকারীর অঞ্চলভিত্তিকসংখ্যা, নমুনাভিত্তিকতালিকা, প্রশিক্ষণের হাজিরা ও ছবি |
| | ২.২ ‘মুজিব বর্ষ’ উদযাপন উপলক্ষে কার্যক্রমগ্রহণ | ২.২.১ পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচনে বঙ্গবন্ধুর অবদান বিষয়ে সমিতি পর্যায়ে সুফলভোগীদের প্রশিক্ষণ আয়োজন | মানব সম্পদউন্নয়ন শাখা | |
| | ২.৩ পল্লী উন্নয়নে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও জন প্রতিনিধিদের প্রশিক্ষণ | ২.৩.১ স্থানীয় প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণকারীর সংখ্যা<br>২.৩.২ সেমিনার, কর্মশালা আয়োজন | মানব সম্পদউন্নয়ন শাখা<br>মানব সম্পদউন্নয়ন শাখা | প্রশিক্ষণ গ্রহণকারীর অঞ্চলভিত্তিকসংখ্যা, নমুনা ভিত্তিক তালিকা, প্রশিক্ষণের হাজিরা ও ছবি<br>সেমিনার, কর্মশালার অঞ্চলভিত্তিক তালিকা ও ছবি |
| | ২.৪ কর্মকর্তা-কর্মচারীদরে সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন | ২.৪.১ সক্ষমতা উন্নয়নে লার্নিং সেশন<br>২.৫ পদোন্নতিপ্রদান | মানব সম্পদউন্নয়ন শাখা | লার্নিং সেশন অংশগ্রহণকারীর তালিকা, হাজিরা ও ছবি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ২.৫ ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি<br>৩.১ সুফলভোগী সদস্যদের ঋণ ও সঞ্চয়ের তথ্যাদি ডাটাবেজ এ সন্নিবেশিতকরণ | ৩.১.১ ঋণ ও সঞ্চয়ের তথ্যাদি ডাটাবেজ এ সন্নিবেশিতকরণ<br><br>৩.১.২ অনলাইনে মাঠ পযায়ের ঋণ ও সঞ্চয়ের অগ্রগতি মনিটরিং | প্রশাসন বিভাগ<br>তথ্যপ্রযুক্তি শাখা<br><br>মাঠ পরিচালন বিভাগ | পদোন্নতিপত্র<br>পিডিবিএফ এর সফটওয়্যার এর এমআইএস, জি এল, ট্রায়ালব্যালান্সপ্রতিবেদন<br><br>ই-মেইল, ই-নথি ও গুগল ফরমেটে প্রাপ্ততথ্য |
| ৪ | ৪.১ গ্রাম পর্যায়ে আধুনিক নগর সুবিধা প্রদানের লক্ষে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপনের মাধ্যমে আলোকিত পল্লী সৃজন | ৪.১.১ সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন | আলোকিত পল্লী সড়কবাতি প্রকল্প | সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপনের তালিকা, সড়কবাতির ছবি |

সংযোজনী ৩:

## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) | বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বাস্তবায়ন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | বিভিন্ন উন্নয়ন প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যকর ব্যবস্থাগ্রহণ এবং মন্ত্রণালয়ের সাবিক সহায়তা গ্রহণ। |
| আয় উৎসারি কর্মকান্ডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | আয় উৎসারি কর্মকান্ডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ বাস্তবায়ন | বার্ড, বিআরডিবি (বিআরডিটিআই, এনআরডিটিসি, ডাব্লিউটিআই),আরডিএ, বাপার্ডও অন্যান্যপ্রতিষ্ঠান | পিডিবিএফ এর সুফলভোগী সদস্যদের বিভিন্ন আয় উৎসারি কর্মকান্ডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনের জন্য উল্লিখিত সংস্থাসমূহে পত্র প্রেরণ, প্রশিক্ষনার্থীর তালিকা প্রেরণ ও প্রশিক্ষক/ভেন্যু প্রাপ্তিতে প্রয়োজনীয় সহযোগীতা গ্রহণ। |
| সুফলভোগী সদস্যদের উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ | সুফলভোগী সদস্যদের উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ বাস্তবায়ন | বার্ড, বিআরডিবি (বিআরডিটিআই, এনআরডিটিসি, ডাব্লিউটিআই), আরডিএ, বাপার্ড ও অন্যান্যপ্রতিষ্ঠান | পিডিবিএফ এর সুফলভোগী সদস্যদের উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য উল্লিখিত সংস্থাসমূহে পত্র প্রেরণ, প্রশিক্ষনার্থীর তালিকা প্রেরণ ও প্রশিক্ষক/ভেন্যু প্রাপ্তিতে প্রয়োজনীয় সহযোগীতা গ্রহণ। |
| বিভিন্ন কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণ | বিভিন্ন কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণ বাস্তবায়ন | বার্ড, বিআরডিবি (বিআরডিটিআই, এনআরডিটিসি, ডাব্লিউটিআই), আরডিএ, বাপার্ড ও অন্যান্যপ্রতিষ্ঠান | পিডিবিএফ এর কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য উল্লিখিত সংস্থাসমূহে পত্র প্রেরণ, প্রশিক্ষনার্থীর তালিকা প্রেরণ, কর্মশালা, সেমিনার এর জন্য নির্ধারিত সময় অবহিতকরণ ও সংস্থাসমূহের প্রশিক্ষক/ভেন্যু ব্যবহারের জন্য সহায়তা গ্রহণ। |